

ঢাকা, সোমবার ০১ এপ্রিল ২০২৪, চৈত্র ১৭ ১৪৩০

**একুশে** একুশে টেলিভিশন লিমিটেড  
**E/TV** Ekushey Television Limited  
পরিবর্তনে অঙ্গিকারবদ্ধ  
(<https://www.ekushey-tv.com/>)

🏠 প্রচ্ছদ / বিশেষ ব্যক্তিত্ব

## মায়ের দোয়া-ই ছিল আনিসুলের শক্তি

🕒 প্রকাশিত : ১২:৫৭ পিএম, ২ ডিসেম্বর ২০১৭ শনিবার | 🕒 আপডেট: ০১:০৭ পিএম, ২ ডিসেম্বর ২০১৭ শনিবার





মায়ের দোয়া-ই ছিল মেয়র আনিসুল হকের সবচেয়ে বড় শক্তি। তার বিশ্বাস মায়ের মৃত্যুর পরও সেই দোয়া অব্যাহত ছিল। ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়ের এ বক্তব্যে সদ্য প্রয়াত মেয়র আনিসুল হক বলেছিলেন, তাঁর জীবনে সবচেয়ে বড় শক্তির জায়গা ছিল তাঁর মায়ের দোয়া।

ওই অনুষ্ঠানে আনিসুল হক বলেন, কিছু হলেই মায়ের কাছে ছুটে যেতাম। মায়ের পায়ের নিচে শুয়ে বলতাম, মা আমায় একটা ফুঁ দাও। দেখবে আমি ঠিক হয়ে গৌ ড্যাফোডিলে শিক্ষার্থীদের উদ্দেশ্যে দেওয়া মোটিভেশন স্পিচে আনিসুল হক বলেছিলেন, সবার জীবনে শ্রেষ্ঠ শক্তি তাঁর মায়ের দোয়া। মায়ের দোয়া যার সঙ্গে আ রুখতে পারবে না। তাই শিক্ষার্থীদের সবসময় মায়ের দোয়া নিতে বলেন মেয়র।

শিক্ষাজীবনে মাধ্যমিক পরীক্ষার কথা স্মরণ করে আনিসুল হক বলেছিলেন, একটি পরীক্ষার আগে আমার গায়ে প্রচণ্ড জ্বর ছিল। কমপক্ষে ১০৪ ডিগ্রি হবে। ‘মাকে’ দিব না। মা, আমায় একটি ফুঁ দিয়ে নিয়ে গেলেন পরীক্ষার কেন্দ্রে। পরীক্ষা দিলাম। মাত্র ৩৪ নম্বরের উত্তর দিলাম। এবার মাকে বললাম, মা তোমার ফুঁ হয়তো ত না। এবার মা নামাজ পড়তে গেলেন। ফিরে এসে আবার ফুঁ দিয়ে বললেন, যা বাবা, দেখবি তুই ভালো করবি।

পরীক্ষার রেজাল্ট দিল। দেখলাম আমি পাঁশ করেছি। ৩৪-এ ৩৪ পেয়েছি। এর পুরোটাই ছিল মায়ের দোয়া।

মেয়র নির্বাচনের কথা স্মরণ করে আনিসুল হক বলেছিলেন, মেয়র নির্বাচন করার কথা যখন বাবাকে জানালাম, তখন বাবা বললেন, যাও তোমার মায়ের কাছে। এসো। গেলাম মায়ের কবরে। মা হয়তো দোয়া করলেন। এরপর ঢাকা উত্তরের মেয়র নির্বাচিত হলাম। আমার জীবনে সবই মায়ের দোয়া। মায়ের দোয়ার যে শক্তি আনিসুল হকে পরিণত করেছে- যোগ করেন ঢাকার মেয়র।

এমজে/ এআর